



রূপগঞ্জ পূর্বাচল উপশহর থেকে অজ্ঞাত যুবকের লাশ উদ্ধার



সংগৃহীত ছবি

নারায়ণগঞ্জের রূপগঞ্জ পূর্বাচল উপশহর থেকে এক অজ্ঞাত যুবকের লাশ উদ্ধার করেছে পুলিশ। প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে, তাকে হত্যা করে লাশ ফেলে রাখা হয়েছে। নিহতের পরিচয় এখনও শনাক্ত করা যায়নি।

আজ শনিবার (২০ সেপ্টেম্বর) ভোরে পূর্বাচলের ১৫ নম্বর সেক্টর থেকে রূপগঞ্জ উপজেলার উপশহরে অজ্ঞাত এক যুবকের লাশ উদ্ধার করেছে থানা পুলিশ।

রূপগঞ্জ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) তারিকুল ইসলাম জানান, স্থানীয়রা প্রথমে চায়না রেডিমিল্লের দক্ষিণ পাশে লাশটি পড়ে থাকতে দেখে থানায় খবর দেয়। পরে পুলিশ ঘটনাস্থল থেকে লাশ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য নারায়ণগঞ্জ ভিক্টোরিয়া জেনারেল হাসপাতালে পাঠায়।

তিনি আরও বলেন, নিহতের পরিচয় শনাক্তের চেষ্টা চলছে। প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে, অজ্ঞাত স্থানে হত্যা করার পর লাশটি ঘটনাস্থলে ফেলে রাখা হয়েছে।